AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 5 July 2025 TIME: 7:35 AM

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে মহিলাদেরকে আর্থিক সাহায্য প্রদান করার মাধ্যমে আত্মনির্ভরশীল করে তোলা হচ্ছে রাজ্যসরকারের কল্যাণকামী প্রকল্পগুলোর মূল উদ্দেশ্য ।মুখ্যমন্ত্রী গতকাল তামুলপুর জেলায় রাজ্য সরকারের কল্যাণকামী প্রকল্প সমূহের রূপায়ণ এবং অগ্রগতি সম্পর্কে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হয়ে একথা বলেন । বৈঠকে মুখ্যমন্ত্রী এই প্রকল্প সমূহের বর্তমান স্থিতি, হিতাধিকারীদের সংখ্যা এবং তৃণমূল পর্যায়ে এর প্রভাব সম্পর্কে পর্যালোচনা করেছেন ।

---

অঙ্ক বিষয়ের স্নাতক শিক্ষক পদের জন্য পদার্থ বিজ্ঞান ,রসায়ন বিজ্ঞান অথবা জীব বিজ্ঞানের মধ্যে যেকোনো একটি বিষয়ে সাধারণ স্নাতক হলেই হবে বলে বিদ্যালয় শিক্ষা বিভাগ স্পষ্ট করে দিয়েছে । শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগুর সমগ্র বিষয়কে নিয়ে বিদ্যালয় শিক্ষা বিভাগের আয়ুক্ত সচিবকে পত্র প্রেরণের পর বিভাগ পাসকোর্সের বিভ্রান্তি দূর করে এই নির্দেশ জারি করেছে । রাজ্যে ছটি করে মন্ডলে চলা বিভিন্ন বিষয়ের স্নাতক শিক্ষক পদের নথি পরীক্ষা প্রক্রিয়ায় অঙ্ক বিষয়ের শিক্ষক পদের প্রার্থীদের যোগ্যতা নিয়ে

বিভ্রান্তির সৃষ্টি হয়েছিলো । এক্ষেত্রে মাধ্যমিক শিক্ষার সেবা বিধিতে উল্লেখ অনুযায়ী অঙ্কের স্নাতক শিক্ষক পদের জন্য সংশ্লিষ্ট প্রার্থীর অঙ্ক বিষয়টি মেজর থাকতে হবে এবং পাসকোর্স হিসেবে পদার্থ বিজ্ঞান ,রসায়ন বিজ্ঞান বা জীব বিজ্ঞান বিষয় থাকতে হবে । এধরণের যোগ্যতার শর্তের জন্য অঙ্ক বিষয়ে মেজর থাকার পরও একসঙ্গে পদার্থ বিজ্ঞান , রসায়ন বিজ্ঞান বা জীব বিজ্ঞান পাসকোর্স হিসেবে না থাকা প্রার্থীদের নথি পরীক্ষা স্থগিত রাখা হয়েছিলো । বঞ্চিত প্রার্থীদের দাবী আপত্তির পর গতকাল বিদ্যালয় শিক্ষা বিভাগের স্পষ্টীকরণ প্রার্থীদের স্বস্তি দিয়েছে । বিদ্যালয় শিক্ষা বিভাগের এই নির্দেশের ফলে এক হাজার ৭৩৭ টি অঙ্কের স্নাতক শিক্ষক পদের জন্য বাদ পড়ে যাওয়া বহু সংখ্যক প্রার্থীর নথি পরীক্ষা আরম্ভ হবে ।

---

আসাম সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ আসাম মাধ্যমিক বিদ্যালয় সহায়ক সংস্থার উনবিংশ দ্বিবার্ষিক অধিবেশনের পরিপ্রেক্ষিতে প্রতিনিধিদের জন্যে বিশেষ ছুটি মঞ্জুর করেছে । এই অনুসারে প্রতিনিধিগণ আগামী নয়ই জুলাই থেকে বারোই জুলাই পর্যন্ত এই বিশেষ ছুটি লাভ করবেন । উল্লেখ্য- আগামী দশ থেকে বারোই জুলাই ধেমাজির শিলাপথার মাধ্যমিক বিদ্যালয়ে রাজ্যের মাধ্যমিক বিদ্যালয় কার্যালয় সংস্থার দ্বিবার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হবে ।

---

মণিপুর পুলিশ , কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী , সেনা বাহিনী ও আসাম রাইফেলস মণিপুরের তেঙ্গনৌপাল , কাংপোকপি , চান্দেল ও চূড়াচান্দপুর জেলার বিভিন্ন স্থানে যৌথ অভিযান চালিয়ে বিপুল পরিমানের অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করেছে ।গোয়েন্দা তথ্যের ভিত্তিতে গত বৃহস্পতিবার মধ্যরাত থেকে গতকাল সকাল পর্যন্ত অভিযান চালিয়ে এই ২০৩ টি অবৈধ অস্ত্র সহ গোলা বারুদ , বিস্ফোরক সামগ্রী ইত্যাদি উদ্ধার করা হয়েছে

।গতকাল মণিপুর পুলিশের মহাপরির্শকের কার্যালয় থেকে প্রকাশিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এখবর জানানো হয়েছে ।

---

শিলচর শহরের স্টীমারঘাট রোডে গতকাল সকালে এক স্কুল ছাত্রীর অপহরণের ঘটনাকে নিয়ে শহরে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে । প্রত্যক্ষদর্শীদের বয়ান অনুযায়ী স্টীমারঘাট রোডের টাউন হাইস্কুলের দশম শ্রেণীর এক ছাত্রী ও তাঁর ছোট বোন স্কুলের প্রবেশ পথে হেটে যাবার সময় পাশের গলি থেকে আসা একটি গাড়ীতে কয়েকজন যুবক জোর করে ওই ছাত্রীকে তুলে নিয়ে পালিয়ে যায় । অপহৃতের ছোট বোন তখনই পরিবারকে খবর দেয় এবং পরিবারের পক্ষ থেকে মালুগ্রাম পুলিশ থানায় এজাহার দাখিল করা হয় । ইতিমধ্যে কাছাড় পুলিশ এই ঘটনার তদন্ত আরম্ভ করেছে এবং অপহরণকারীর গাড়ী শনাক্ত করে দোষীকে আটক করার প্রয়াস অব্যাহত রয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । এদিকে স্কুল কর্তৃপক্ষ এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন ।

---

ভারতীয় প্রযুক্তিবিদ্যা প্রতিষ্ঠান-আই আই টি- গুয়াহাটির ছাত্রী সুকন্যা সনোয়াল কমনওয়েল্‌থ যুব শান্তি রাষ্ট্রদূত- সি ওয়াই পি এ এন’এর কার্যবাহী কমিটির নেতৃত্ব প্রদানের জন্য নির্বাচিত করা হয়েছে । সি ওয়াই পি এ এন হচ্ছে কমনওয়েল্‌থ সদস্যভুক্ত রাষ্ট্রসমূহের সৃষ্টি হওয়া হিংসাত্মক উগ্রবাদকে প্রতিহত করা সহ শান্তি, সম্মান এবং সমঝোতার প্রসারের জন্যে কাজ করা যুবক-যুবতীদের নেতৃত্বে গঠিত একটি কমিটি । আই আই টি- গুয়াহাটির জৈব বিজ্ঞান এবং জৈব অভিযান্ত্রিক ডিগ্রি লাভ করা সুকন্যা সনোয়াল ২০২৫-২৭ সালের কার্যকালের জন্য এই সমিতির একজন যোগাযোগকারী হিসেবে নির্বাচিত হয়েছে । উল্লেখ্য- লক্ষিমপুর জেলার বাসিন্দা সুকন্যা বিগত চার বছর ধরে আই আই টি-গুয়াহাটির ফ্ল্যাগশিপ

টেকনো ম্যানেজমেন্ট ফেস্টিভ্যাল টেকনিস্ট’এ মিডিয়া এন্ড ব্র্যান্ডিং দলের মূল সদস্য হিসেবে কাজ করছে ।

---

কাছাড় জেলার ধলাই থানার অর্ন্তগত পানিভরায় গত বৃহস্পতিবার সংঘটিত ধর্ষণের ঘটনায় নির্যাতিত শিশুটির অবস্থা এখনও সংকটজনক বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । উল্লেখ্য- মাতৃহারা শিশুকন্যাটি ঘরে একা থাকার সুযোগ নিয়ে প্রতিবেশী যুবক আশারাম কেওট শিশুটির উপর পাশবিক নির্যাতন চালায় । পরে শিশুটির চীৎকার শুনে স্থানীয় জনগণ অভিযুক্তকে ধরে পুলিশের কাছে সমঝে দেয় ।

---

হাইলাকান্দি জেলার আলগাপুর থানার অধীন বাঁশবাড়ি দ্বিতীয় খন্ডে গতকাল এক মর্মান্তিক সড়ক দূর্ঘটনায় একটি চারবছরের কন্যা শিশুর মৃত্যু হয়েছে ।একটি কালভার্টের কাছে একটি অলটো গাড়ির ধাক্কায় শিশুটির ঘটনাস্থলে মৃত্যু হয়েছে বলে জানা গেছে ।

---

---